10

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 29 1999 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ১ ......

# স্কাউটিংকে সামাজিক আন্দোলনে পরিণত করতে হবে

—প্রেসিডেন্ট

**বাসস** ঃ প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ স্কাউট আন্দোলনকে বাস্তব অর্থে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, স্কাউটদের সুশৃংখল জীবন ও উন্নত চরিত্র গঠনে তাদের প্রচেষ্টা সুন্দর ভবিষ্যৎ গড়ে তোলার ব্যাপারে সকলকে আশাবাদী করে তুলবে।

তিনি বলেন, "আজকের প্রজন্মই আমাদের ভবিষ্যৎ স্বপ্ন"। তিনি বর্তমান প্রজন্মকে দেশপ্রেমিক সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য সকল অভিভাবক, শিক্ষক ও স্কাউট কর্মকর্তাদের প্রতি আহবান জানান— যাতে তারা দেশের ভবিষ্যৎ নেতৃত্ব কাঁধে তুলে নিতে পারে।

স্কাউট প্রধান প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদ গতকাল (বৃহস্পতিবার) বাংলাদেশ স্কাউটের ২৬তম বার্ষিক সাধারণ সভা উদ্বোধন করছিলেন। বাংলাদেশ স্কাউটস সদর দফতরে আয়োজিত উদ্বোধনী অধিবেশনে অন্যান্যের মধ্যে সংসদ সদস্যবৃন্দ, উর্ধ্বতন সরকারী কর্মকর্তা এবং বাংলাদেশ স্কাউটের কাউন্সিলারগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ স্কাউটস-এর সভাপতি মোহাম্মদ মাহবুবুজ্জামান ধন্যবাদ এবং প্রধান জাতীয় কমিশনার মঞ্জুরুল করিম অতিথিদের স্বাগত জানিয়ে বক্তৃতা করেন।